Date : 16th Jan 2024 General Awareness - Minerals and Industries Bengali

**Q:1** পশ্চিমবঙ্গের একমাত্র তৈল ও গ্যাসের রিজার্ভ কোথায় অবস্থিত?
**1.** হলদিয়া
**2.** অশোকনগর
**3.** মানকুণ্ডু
**4.** ডিগবয়

**Q:2** কোন বছরে পশ্চিমবঙ্গ সরকার 'জল ধরো-জল ভরো' প্রকল্পের সূচনা করেছিল?
**1.** 2011-2012
**2.** 2014-2015
**3.** 2016-2017
**4.** 2019-2020

**Q:3** পশ্চিমবঙ্গের কোন জেলায় ভূগর্ভস্থ জলে ফ্লোরাইড দূষণ নেই?
**1.** পুরুলিয়া
**2.** বীরভূম
**3.** বাঁকুড়া
**4.** নদীয়া

**Q:4** পশ্চিমবঙ্গের কয়লা খনিতে প্রধানত কী জাতীয় কয়লা পাওয়া যায়?
**1.** অ্যানথ্রাসাইট জাতীয়
**2.** বিটুমিনাস জাতীয়
**3.** লীগনাইট জাতীয়
**4.** পিট জাতীয়

**Q:5** পশ্চিমবঙ্গের অভ্র উৎপাদনকারী জেলা হল
**1.** বাঁকুড়া
**2.** পশ্চিম বর্ধমান
**3.** বীরভূম
**4.** উপরের একটিও নয়

**Q:6** পশ্চিমবঙ্গে ________ আকারে সর্বাধিক সংখ্যক পশুসম্পদ রয়েছে।
**1.** মোষ
**2.** ভেড়া
**3.** ছাগল
**4.** গবাদি পশু

**Q:7** পশ্চিমবঙ্গে কতগুলি ফাউন্ড্রি এবং ফোরজিং ইউনিট বিদ্যমান?
**1.** 350
**2.** 480
**3.** 500
**4.** 600

**Q:8** নীচের কোনটি পশ্চিমবঙ্গের প্রধান খনিজ দ্রব্য?
**1.** সোনা
**2.** পাইরাইট
**3.** কয়লা
**4.** লিগনাইট

**Q:9** দেওচা পচামী কয়লা অঞ্চল পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
**1.** পুরুলিয়া
**2.** বীরভূম
**3.** বাঁকুড়া
**4.** পশ্চিম বর্ধমান


Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

**Q:10** পশ্চিমবঙ্গের কোথায় অ্যাম্বাসেডর গাড়ি এবং বেডফোর্ড ট্রাক তৈরির শিল্প গড়ে ওঠেছে?

**1.** উলুবেড়িয়া

**2.** উত্তরপাড়া

**3.** কল্যাণী

**4.** বিষ্ণুপুর



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

## উত্তর কুঞ্জি

| | | | | |
|---|---|---|---|---|
| **1.** (2) | **2.** (1) | **3.** (4) | **4.** (2) | **5.** (1) |
| **6.** (4) | **7.** (3) | **8.** (3) | **9.** (2) | **10.** (2) |

## উত্তর অর ব্যাখায়

**Q:1** সঠিক উত্তর হল **বিকল্প 2** অর্থাৎ **অশোকনগর**

- 2018 সালে উত্তর 24 পরগণা জেলার অশোকনগরে তেল এবং গ্যাস আবিষ্কৃত হয়েছিল।
- 2009 সালে মহানদী-বেঙ্গল-আন্দামান বিভাগের অধীনে বঙ্গ অববাহিকা অঞ্চলটিকে ওএনজিসি (ONGC) এবং ওয়েল ইন্ডিয়া(Oil India)-কে দেওয়া হয়েছিল।
- ওএনজিসি (ONGC) বঙ্গ অববাহিকাতে যে গুণমানের তেল আবিষ্কার করেছে তা ব্রেন্টের থেকে উচ্চতর এবং বিশ্বের সেরা বেঞ্চমার্ক অপরিশোধিত তেল- ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই)- এর সমতূল্য।
- অশোকনগর তৈলক্ষেত্রগুলিও দিনে 1 লক্ষ ঘনমিটার পরিমাণ গ্যাস এবং 15-18 ঘনমিটার (1 ঘনমিটার সমান 1,000 লিটার) তেল উৎপাদন করবে।

**Q:2** সঠিক উত্তর হল **বিকল্প 1 অর্থাৎ 2011-2012**

- রাজ্যে ভূগর্ভস্থ ও ভূ-পৃষ্ঠ উভয় জলের পরিস্থিতির ক্ষেত্রে উদ্বেগজনক পরিস্থিতির মোকাবিলা করার জন্য, মূল্যবান জল সম্পদ সংরক্ষণের জন্য 2011-12 সালে 'জল ধরো-জল ভরো' নামক কর্মসূচিটি চালু করা হয়েছিল।
- 'জল ধরো-জল ভরো' কর্মসূচির উদ্দেশ্য হল ছাদে বৃষ্টির জল সংগ্রহ করে রাখা।

**Q:3** সঠিক উত্তর হল বিকল্প 4 অর্থাৎ নাদিয়া

- ফ্লোরাইডসমৃদ্ধ জল গ্রহণের কারণে ভারত সহ প্রায় 29 টি দেশের মানুষ ফলুরোসিস রোগে আক্রান্ত হয়েছে।
- পশ্চিমবঙ্গের যেসব সাতটি জেলায় ভূগর্ভস্থ জলে অতিরিক্ত ফ্লোরাইড পাওয়া গেছে সেগুলি হল পুরুলিয়া, বীরভূম, বর্ধমান, বাঁকুড়া, মালদা, দক্ষিণ দিনাজপুর এবং উত্তর দিনাজপুর।

**Q:4** সঠিক উত্তর হল বিকল্প 2 অর্থাৎ বিটুমিনাস জাতীয়।

- এটি একটি মাঝারি মানের কয়লা যার উচ্চ তাপের ক্ষমতা রয়েছে। এটি ভারতে বিদ্যুৎ উৎপাদনের জন্য সবচেয়ে বেশি পরিমানে ব্যবহৃত কয়লা।
- ঝাড়খণ্ড, ওড়িশা, পশ্চিমবঙ্গ, ছত্তিশগড় এবং মধ্যপ্রদেশে বেশিরভাগ বিটুমিনাস কয়লা পাওয়া যায়।
- অ্যানথ্রাসাইট (80% এর বেশি কার্বন সামগ্রী) কয়লা হল সকল কয়লার মধ্যে সেরা গুণমান কয়লা। ভারতে, এটি শুধুমাত্র জম্মু ও কাশ্মীরে পাওয়া যায়।

**Q:5** সঠিক উত্তর হল **বিকল্প 1** অর্থাৎ **বাঁকুড়া**

পশ্চিমবঙ্গের **পুরুলিয়া এবং বাঁকুড়া** অভ্র উৎপাদনের জন্য বিখ্যাত।



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

**Q:6** সঠিক উত্তর হল **বিকল্প 4** অর্থাৎ **গবাদি পশু**

- ।পরিসংখ্যান অনুযায়ী, 2019 সালে সমগ্র ভারতে পশ্চিমবঙ্গের গবাদি পশুর সংখ্যা হল সর্বাধিক প্রায় 19 মিলিয়ন। তারপরে ছিল উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশ।

**Q:7** সঠিক উত্তর হল **বিকল্প 3** অর্থাৎ **500**

- ভারতে ফাউন্ড্রি এবং ফোরজিং শিল্পের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অগ্রগামী।
- বর্তমানে, রাজ্যে 1 মিলিয়ন টন ইনস্টল ক্ষমতা সহ প্রায় 500 ইউনিট রয়েছে এবং 95% ইউনিট হাওড়া জেলায় কেন্দ্রীভূত।
- পশ্চিমবঙ্গের কিছু গুরুত্বপূর্ণ ফোরজিং কোম্পানি হল বিক্রম সোলার প্রাইভেট লিমিটেড, ভারত রোল ইন্ডাস্ট্রি প্রাইভেট লিমিটেড, বাসুদেব ট্র্যাক্টো রোলার, অ্যাডভান্স স্টিল এবং ফোরজিংস ইত্যাদি।

**Q:8** সঠিক উত্তর হল **বিকল্প 3** অর্থাৎ **কয়লা**।

- কয়লা ভারতের পশ্চিমবঙ্গের প্রধান খনিজ সম্পদ। এই রাজ্যে দেশের প্রায় 11% কয়লা মজুদ রয়েছে।
- বর্ধমান, জলপাইগুড়ি, দার্জিলিং, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় কয়লা সঞ্চিত রয়েছে।

**Q:9** সঠিক উত্তর হল **বিকল্প 2** অর্থাৎ **বীরভূম**

- **দেওচা পচামী কয়লা অঞ্চল পশ্চিমবঙ্গের বীরভূম জেলায় অবস্থিত।**
- **দেওচা পচামী কয়লা** হল ভারতের বৃহত্তম কয়লা খনি। এটি 2100 মিলিয়ন টন কয়লার মোট সংরক্ষন সহ 10 বর্গকিমি এলাকা জুড়ে বিস্তৃত।

**Q:10** সঠিক উত্তর হল **বিকল্প 2** অর্থাৎ **উত্তরপাড়া**

- কলকাতার কাছে উত্তরপাড়ায় হিন্দুস্তান মোটরস লিমিটেড অ্যাম্বাসেডর গাড়ি এবং বেডফোর্ড ট্রাক তৈরি হয়।
- হিন্দুস্তান মোটরস লিমিটেড প্রথম 1942 সালে গুজরাটের ওখাতে যাত্রীবাহী গাড়ির জন্য একটি ছোট সংযাজন কারখানা হিসাবে অন্তর্ভুক্ত হয়েছিল। পরে তা 1948 সালে পশ্চিমবঙ্গের উত্তরপাড়ায় স্তানান্তরিত হয় এবং গাড়ি ও ট্রাক তৈরি করতে শুরু করে।



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play